

**চিটাগাং চেম্বারে কানাডীয় প্রতিনিধিদলের মতবিনিময়ঃ**  
**চট্টগ্রামে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির উপর গুরুত্বারোপ**

কানাডা সরকারের গ্লোবাল এ্যাফেয়ার্স'র মহাপরিচালক ডেভিড হার্টম্যান (Mr. David Hartman) ও বাংলাদেশে নিযুক্ত হাইকমিশনার বেনওয়া প্রেফনটেইন (H.E. Benoit Prefontaine) ২৫ ফেব্রুয়ারি সকালে দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র বোর্ড অব ডাইরেক্টর্স'র ও ব্যবসায়ী নেতৃবৃন্দের সাথে ওয়ার্ল্ড ট্রেড সেন্টারস্থ বঙ্গবন্ধু কনফারেন্স হলে এক মতবিনিময় সভায় মিলিত হন। এ সময় চেম্বার সভাপতি মাহবুবুল আলম'র সভাপতিত্বে মতবিনিময় সভায় বক্তব্য রাখেন চেম্বার সিনিয়র সহ-সভাপতি মোঃ নুরুল নেওয়াজ সেলিম, সহ-সভাপতি সৈয়দ জামাল আহমেদ, পরিচালকবৃন্দ জহিরুল ইসলাম চৌধুরী (আলমগীর), মঈনুদ্দিন আহমেদ ও অঞ্জন শেখর দাশ, তুর্কির অনারারী কনস্যুল জেনারেল সালাহুউদ্দীন কাসেম খান, জাপানের অনারারী কনস্যুল জেনারেল মোঃ নুরুল ইসলাম, চট্টগ্রাম বন্দরের সদস্য (হার্বার এন্ড মেরিন) কমডোর শাহীন রহমান, চেম্বারের সদ্যবিদায়ী পরিচালক মাহফুজুল হক, ওওসিএল'র ক্যাপ্টেন গিয়াসউদ্দিন চৌধুরী ও পূর্বকোণ ব্যবস্থাপনা সম্পাদক জসিম উদ্দিন চৌধুরী। এ সময় অন্যান্যদের মধ্যে কানাডা হাইকমিশনের ট্রেড কমিশনার মোঃ কামাল উদ্দিন, চেম্বার পরিচালকবৃন্দ এ. কে. এম. আকতার হোসেন, মোঃ জহুরুল আলম, মাহবুবুল হক চৌধুরী (বাবর), হৈয়দ হুগীর আহমদ, সরওয়ার হাসান জামিল, মোঃ রকিবুর রহমান (টুটুল), এস. এম. শামসুদ্দিন, হাসনাত মোঃ আবু ওবাইদা, মোঃ শাহরিয়ার জাহান, মোঃ আবদুল মান্নান সোহেল, এইচআরসি'র সিনিয়র পরিচালক কাজী রুকুনউদ্দীন আহমেদ, ইপিবি'র পরিচালক কংকন চাকমা ও বিকেএমইএ'র সাবেক পরিচালক শওকত ওসমানসহ বিভিন্ন সেক্টরের ব্যবসায়ী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গ্লোবাল এ্যাফেয়ার্স'র মহাপরিচালক ডেভিড হার্টম্যান চট্টগ্রামকে বাংলাদেশের অর্থনীতির জন্য অত্যন্ত প্রয়োজনীয় মন্তব্য করে বলেন-কানাডা ও বাংলাদেশের মধ্যে চমৎকার দ্বিপাক্ষিক বাণিজ্য সম্পর্ক রয়েছে। তিনি উভয় দেশের মধ্যে ২.৪ বিলিয়ন কানাডিয়ান ডলার এবং গত বছর ৪৯% বাণিজ্য বৃদ্ধির পরিসংখ্যান প্রকাশ করে আগামীতে সম্ভাবনাময় খাতগুলোর মাধ্যমে অধিকতর বাণিজ্য সম্প্রসারণের উপর গুরুত্বারোপ করেন। ডেভিড হার্টম্যান বাংলাদেশের অভাবনীয় অর্থনীতির সাফল্যের প্রশংসা করে দু'দেশের মানুষের মধ্যে পারস্পরিক যোগাযোগ, শিক্ষা, গ্রীন প্রযুক্তি, এ্যারোস্পেস, রেল ও গ্যাস খাতে কানাডিয়ান উদ্যোক্তাদের সামর্থ্য কাজে লাগানোর কথা তুলে ধরেন।

হাইকমিশনার বেনওয়া প্রেফনটেইন বাংলাদেশ ও কানাডা মধ্যকার সম্পর্ক স্বাধীনতা পরবর্তী ৪৬ বছরে অত্যন্ত দৃঢ় বন্ধুত্বপূর্ণ মন্তব্য করে বলেন-কানাডিয়ান সরকার বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করে। তিনি বাংলাদেশের বিভিন্ন উন্নয়নের সাফল্য, বিশাল বাজার, বিপুল জনসংখ্যার প্রসংগ উল্লেখ করে উভয় দেশ আরো ঘনিষ্ঠভাবে কাজ করবে বলে জানান। কানাডিয়ান হাইকমিশনার ভাল বাণিজ্যিক সম্পর্ক থাকলেও কিছু কিছু ক্ষেত্রে তা পর্যাণ্ড নয় মন্তব্য করে ভিসা প্রক্রিয়া সহজীকরণে দৃষ্টি দিবেন বলে জানান।

চেম্বার সভাপতি মাহবুবুল আলম দু'দেশের বাণিজ্যিক সম্পর্ক অত্যন্ত চমৎকার হওয়া সত্ত্বেও বাংলাদেশে কানাডার বিনিয়োগ অপরিপূর্ণ উল্লেখ করে এফডিআই'র ক্ষেত্রে বাংলাদেশ সরকারের প্রদত্ত সুবিধাসমূহ তুলে ধরেন। তিনি কানাডা বিনিয়োগকারীদের জন্য কৃষি ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ, আইটি ও টেলিকমিউনিকেশন, তেল, গ্যাস ও নবায়নযোগ্য জ্বালানী খাত, ইঞ্জিনিয়ারিং জাহাজ নির্মাণ ও সেবা খাত বিশেষ সম্ভাবনাময় বলে অভিমত ব্যক্ত করেন। এছাড়া চেম্বার সভাপতি ব্লু ইকোনমির উন্নয়নে বাংলাদেশ সরকারের বর্তমান পরিকল্পনা বৈদেশিক বিনিয়োগের সম্ভাবনাকে আরো বৃদ্ধি করবে বলে মন্তব্য করেন। পাশাপাশি দু'দেশের সরকারের মাঝে ইনভেস্টমেন্ট প্রটেকশন এগ্রিমেন্ট নিয়ে বর্তমানে যে আলোচনা চলছে তা বাস্তবায়িত হলে বাংলাদেশে কানাডার সরাসরি বিনিয়োগ অধিকহারে বৃদ্ধি পাবে বলেও মাহবুবুল আলম আশাবাদ ব্যক্ত করেন।

চেম্বার সিনিয়র সহ-সভাপতি মোঃ নুরুল নেওয়াজ সেলিম ফলপ্রসূ মতবিনিময় লব্ধ ও তথ্যসমূহ দ্বিপাক্ষিক সম্পর্কোন্নয়নে কার্যকর ভূমিকা রাখবে বলে প্রত্যাশা করেন। চেম্বার সহ-সভাপতি সৈয়দ জামাল আহমেদ বাংলাদেশ হতে বিপুল পরিমাণ পণ্য আমদানি করার জন্য কানাডিয়ান সরকারকে অনুরোধ জানান এবং এদেশ হতে উচ্চ শিক্ষার্থী কানাডা গমনে ছাত্র-ছাত্রীদের উৎসাহিকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহবান জানান। উপস্থিত বক্তাগণ ব্যবস্থাপনা স্কুল, মেধা ও কারিগরিভিত্তিক কানাডিয়ান প্রতিষ্ঠান স্থাপন, কাগজ শিল্প, শিক্ষা, দক্ষ মানব সম্পদ উন্নয়ন রিচার্স সেন্টার, এনার্জি, ব্লু ইকোনমি, শিপিং, স্বাস্থ্য, তৈরীপোশাক শিল্প, বন্দর অবকাঠামো, বিশেষায়িত অর্থনৈতিক অঞ্চল, তেল ও গ্যাস খাতের উন্নয়নে কানাডার একক বা যৌথ বিনিয়োগ প্রত্যাশা করেন।

নং-জে/আইটিআর/৫৫/২৬৪

২৫ ফেব্রুয়ারি ২০১৮ ইং

সকল স্থানীয় ও জাতীয় পত্রিকা, সংবাদ সংস্থা, ইলেকট্রনিক মিডিয়াসমূহে সম্প্রচার/প্রকাশের বিনীত অনুরোধপূর্বক প্রেরণ করা গেলঃ

(প্রকৌশলী মোহাম্মদ ফারুক)  
সেক্রেটারী ইনচার্জ